


কালের কণ্ঠ

আপডেট : ১ অক্টোবর, ২০১৮ ২৩:০০

রামপালে প্রাথমিকে মাল্টিমিডিয়া ক্লাস হচ্ছে না

 রামপালে প্রাথমিকে মাল্টিমিডিয়া ক্লাস হচ্ছে না

বাগেরহাটের রামপাল উপজেলায় প্রায় অর্ধশতাধিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগ নেই। এর ফলে ওই সব বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাস চালু করা সম্ভব হচ্ছে না।

উপজেলার ১০টি ইউনিয়নে সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে ১২৭টি। এর মধ্যে বিদ্যুৎ সংযোগ আছে মাত্র ৮৩টি বিদ্যালয়ে। তা ছাড়া সরকার এই উপজেলার ৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিনা মূল্যে একটি করে ল্যাপটপ দিয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, ওই সব বিদ্যালয়ের বেশির ভাগ

শিক্ষক ভালোভাবে ল্যাপটপ চালাতেই পারেন না। ল্যাপটপসহ প্রজেক্টর দেওয়া হয়েছে ১২টি বিদ্যালয়ে। হাতেগোনা দু-একটি বিদ্যালয় ছাড়া বেশির ভাগ বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ক্লাস হয় না।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মতিয়ার রহমান বলেন, ‘অনেক শিক্ষককে ট্রেনিংয়ে পাঠানো হচ্ছে। পর্যায়ক্রমে সব শিক্ষককে এ বিষয়ে প্রশিক্ষণের আওতায় আনা হবে।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com